**বাংলাদেশ কৃষি ব্যাংক**
প্রকিউরমেন্ট বিভাগ
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ফোন নং : ০২-২২৩৩৮৩৫৩৫
০২-২২৩৩৫৭৮৮২
Email: dgmcsd@krishibank.org.bd
Web : www.krishibank.gov.bd

স্মারক নং প্রকা/প্রকিউর-১০(৫)/অংশ-০৬(ক)/২০২৫-২০২৬/ ৮২৯

তারিখঃ ০২.০২.২০২৬খ্রি.

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়/বিকেবি স্টাফ কলেজ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
উপমহাব্যবস্থাপক, সকল রিজিওনাল স্টাফ কলেজ/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/কর্পোরেট শাখাসমূহ
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ব্যাংক কর্তৃপক্ষের নিরাপত্তা সচেতনতা পালন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি বাংলাদেশ নির্বাচন কমিশন এর পত্র নং: ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৭.২৫ (অংশ-২)-১০০ তারিখ: ২৭.০১.২০২৬খ্রি. ও ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০২.২৬-১৪৪ তারিখ: ২৯.০১.২০২৬খ্রি., এবং বাংলাদেশ ব্যাংক এর এসডিএডি সার্কুলার লেটার নং-০২ তারিখ: ০১.০২.২০২৬খ্রি. এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। আগামী ১২.০২.২০২৬খ্রি. বৃহস্পতিবার ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। নির্বাচন রাষ্ট্রের সবচেয়ে গুরুত্বপূর্ণ কর্ম। অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও অংশগ্রহণমূলক নির্বাচনের লক্ষ্যে নির্বাচন কমিশন ইতিমধ্যে সকল প্রস্তুতি সম্পন্নের পথে। আইনশৃঙ্খলা ব্যবস্থা সমুন্নত রাখতে বাংলাদেশ সেনাবাহিনী অন্যান্য সকল আইন শৃঙ্খলাবাহিনীকে নিয়ে নিরলসভাবে কাজ করছে। রাষ্ট্রায়াত্ত ব্যাংকসমূহকে আস্থায় রেখে অন্যন্য সরকারী সংস্থার মতো বাংলাদেশ কৃষি ব্যাংক এর প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা/কর্মচারী কে নির্বাচন কমিশন নির্বাচনের দায়িত্ব প্রদান করেছেন। এ বিষয়ে গত ০১.০২.২০২৬খ্রি. তারিখে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক, প্রধান কার্যালয়ের সকল মহাব্যবস্থাপকের উপস্থিতিতে বিকেবি এর মাঠ পর্যায়ের সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপক, আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা ও শাখা ব্যবস্থাপকদের নিয়ে জুম মিটিং এর মাধ্যমে নির্বাচনী সচেতনতামূলক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয় এবং নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ প্রদান করা হয়ঃ

(ক) নির্বাচন কমিশন গণভোট অনুষ্ঠানের লক্ষ্যে ইতিমধ্যে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেছেন যা পালন করে সকলকে নিরপেক্ষ ভূমিকা রাখার আহবান জানানো হলো- 'প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত কোন ব্যক্তি গণভোট বিষয়ে জনগণকে অবহিত ও সচেতন করতে পারবেন; তবে তিনি গণভোটে 'হ্যাঁ' এর পক্ষে বা 'না' এর পক্ষে ভোট প্রদানের জন্য জনগণকে কোনভাবে আহবান জানাতে পারবেন না।'

(খ) বাংলাদেশ কৃষি ব্যাংকের যেসকল কর্মকর্তা/কর্মচারী কে নির্বাচন কমিশন কর্তৃক প্রিজাইডিং অফিসার/ সহকারী প্রিজাইডিং অফিসার/ পোলিং অফিসার হিসেবে দায়িত্ব পেয়েছেন, তাদেরকে নির্বাচন কমিশন প্রদত্ত ট্রেনিং এর সকল দিক নির্দেশনা পুঙ্খানুপুঙ্খভাবে পালন করার পরামর্শ প্রদান করা হলো।

(গ) নির্বাচনে দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারী ব্যাংকের ব্রান্ড এম্বাসেডর (বিকেবি'র প্রতিনিধিত্ব) হিসেবে কাজ করবেন; সুতুরাং বিকেবি'র সুনাম ক্ষুন্ন হয় বা নির্বাচন কমিশনের কোন আচরণবিধি লঙ্ঘিত হয় এমন কোন কাজ না করতে সকলকে সচেষ্ট থাকতে হবে।

(ঘ) সর্বদা আইনশৃঙ্খলা পরিস্থিতির দিকে সজাগ দৃষ্টি রাখতে হবে এবং সে অনুযায়ী পরিস্থিতির মোকাবেলা করতে হবে।

(ঙ) নির্বাচন কমিশন, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা এবং স্ব স্ব এলাকার রির্টানিং অফিসার/সহকারী রির্টানিং অফিসারের নির্দেশনা যথাযথভাবে মেনে চলার নির্দেশনা প্রদান করা হলো।

(চ) বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারী কে নির্বাচন অনুষ্ঠানকালীন সময়ে নির্বাচন কমিশন কর্তৃক প্রদানকৃত আইডি কার্ড ও বিকেবি'র প্রদানকৃত আইডি কার্ড উভয়ই সঙ্গে রাখার পরামর্শ প্রদান করা হলো।

(ছ) নির্বাচন সংক্রান্ত এবং শাখার নিরাপত্তা বিষয়ে সকল নিয়ন্ত্রণকারী কর্মকর্তাকে স্বশরীরে/ জুম মিটিং এর মাধ্যমে এই সপ্তাহের মধ্যে একটি জরুরী বৈঠক করার পরামর্শ প্রদান করা হলো।

(জ) নির্বাচনকালীন দায়িত্ব পালন শেষে স্ব স্ব কর্মস্থলে প্রত্যাবর্তন করে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট শাখা/কার্যালয়ের সার্বিক অবস্থা সর্ম্পকে আবশ্যিকভাবে রিপোর্ট করতে হবে।

(ঝ) নির্বাচনকালীন কোনরূপ অনাকাঙ্ক্ষীত দূর্ঘটনার সম্মূখীন হলে স্ব স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সাথে যোগাযোগপূর্বক সমস্যা সমাধানে দায়িত্ববান/তৎপর হতে হবে।

(ঞ) নির্বাচন কমিশনের নির্দেশনা অনুযায়ী আগামী ১১.০২.২০২৬খ্রি. তারিখ মধ্যরাত ১২.০০ টা হতে ১২.০২.২০২৬খ্রি. তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত (১) ট্যাক্সি ক্যাব (২) পিক আপ (৩) মাইক্রোবাস (৪) ট্রাক এবং আগামী ১০.০২.২০২৬খ্রি. তারিখ মধ্যরাত ১২.০০ টা হতে ১৩.০২.২০২৬খ্রি. তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর (নির্বাচন কমিশনের অনুমোদন ব্যতীত) নিষেধাজ্ঞা রয়েছে; সুতুরাং সকলকে উক্ত নির্দেশনা পরিপালন করে বিকল্প নিরাপদ যানবাহন ব্যবহারের পরামর্শ প্রদান করা হলো।

০২। এমতাবস্থায়, উপরোক্ত বিষয়গুলো যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি নিরাপত্তা বিষয়ক এবং অতীব জরুরী।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

02.02.2026

মেজর সরকার তারেক আহমেদ (অবঃ)
প্রধান নিরাপত্তা উপদেষ্টা

স্মারক নং প্রকা/প্রকিউর-১০(৫)/অংশ-০৬(ক)/২০২৫-২০২৬/ ৮২৯(৬)

তারিখঃ ০২.০২.২০২৬খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১/২ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা কে পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণের জন্য জন্য অনুরোধ করা হলো।
০৫। ব্যবস্থাপনা পরিচালক/সিইও, পিমা সিস লি./জেএসএস সার্ভিসেস লি., বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। অফিস কপি।

02.02.2026
মোঃ সাইফুল ইসলাম
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০২.২৬-১৪৪

তারিখ: ১৫ মাঘ ১৪৩২ / ২৯ জানুয়ারি ২০২৬

**বিষয়: ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠেয় গণভোট অনুষ্ঠানের লক্ষ্যে গণভোটের পক্ষে "হ্যাঁ অথবা না" এর বিষয়ে প্রচারণা সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে গণভোট অধ্যাদেশ, ২০২৫ এর ধারা ২১ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৮৬ এর বিধানাবলীর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত কোন ব্যক্তি গণভোট বিষয়ে জনগণকে অবহিত ও সচেতন করতে পারবেন; তবে তিনি গণভোটে 'হ্যাঁ' এর পক্ষে বা 'না' এর পক্ষে ভোট প্রদানের জন্য জনগণকে কোনভাবে আহবান জানাতে পারবেন না। কেননা, এ ধরণের কার্যক্রম গণভোটের ফলাফলকে প্রভাবিত করতে পারে, যা গণভোট অধ্যাদেশ, ২০২৫ এর ধারা ২১ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৮৬ অনুযায়ী একটি দণ্ডনীয় অপরাধ হিসেবে গণ্য হবে।

২। বর্ণিতাবস্থায়, উল্লিখিত বিধান অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৯.০১.২৬

(মোহাম্মদ মনির হোসেন)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
Email: sasemc1@gmail.com

প্রাপক:
১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা ও রিটার্নিং অফিসার
৩। জেলা প্রশাসক, (সকল) ও রিটার্নিং অফিসার

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০২.২৬-১৪৪

তারিখ: ১৫ মাঘ ১৪৩২ / ২৯ জানুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):
১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, ............................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, আপন বিভাগ/জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৭. সচিব, ............................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/i"ve/কোস্টগার্ড/এনটিএমসি/ডিজিএফআই/এনএসআই, ঢাকা
৯. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. বিভাগীয় কমিশনার (সকল)
১৩. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ (সকল)
১৪. উপমহাপুলিশ পরিদর্শক, (সকল রেঞ্জ)
১৫. প্রকল্প পরিচালক, আইডিইএ (২য় পর্যায়) প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।

c:\users\oaco_emc1\desktop\bibdh letter gunman.doc

অফিসের ঠিকানা ঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ ঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইল ঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেস ঃ www.ecs.gov.bd

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নম্বর- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৭.২৫ (অংশ-২)-১০০ তারিখ: ১৩ মাঘ ১৪৩২ / ২৭ জানুয়ারি ২০২৬

**বিষয়: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের তফসিল অনুসারে আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ১১ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ মধ্যরাত ১২.০০ টা হতে ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

**(১) ট্যাক্সি ক্যাব (২) পিক আপ (৩) মাইক্রোবাস (৪) ট্রাক**

২। সেই সাথে ১০ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ মধ্যরাত ১২.০০ টা হতে ১৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

৩। তবে উপরোল্লিখিত নিষেধাজ্ঞা নিম্নেবর্ণিত ক্ষেত্রে শিথিল করার প্রয়োজন হবে :

(ক) আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতিপ্রাপ্ত পর্যবেক্ষক;

(খ) জরুরী সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরুপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহণকারী সকল ধরনের যানবাহন;

(গ) আত্মীয়-স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমানবন্দর হতে যাত্রী বা আত্মীয়-স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়-স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকেট বা অনুরুপ প্রমাণ প্রদর্শন) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসেবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যে কোন যানবাহন;

(ঘ) প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য ১টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনি এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/পরিচয়পত্র থাকা সাপেক্ষে) এর জন্য ১টি গাড়ী (জীপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন) রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়ীতে স্টীকার প্রদর্শন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান;

(ঙ) সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরী কোন কাজে ব্যবহৃত যানবাহন/মোটর সাইকেল নির্বাচন কমিশন/রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান;

(চ) নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনি কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারি অথবা অন্য কোন ব্যক্তির জন্য মোটর সাইকেল চলাচলের অনুমতি প্রদান;

(ছ) টেলিযোগাযোগ সেবাকে জরুরি সেবা হিসেবে বিবেচনা করে বিটিআরসি এবং বিটিআরসি হতে লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা শিথিল থাকবে; এবং

(জ) জাতীয় মহাসড়ক (Highways), বন্দরছাড়াও আন্তঃজেলা বা মহনগর থেকে বাহির বা প্রবেশের জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তায় নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৪। বর্ণিতাবস্থায়, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষে উল্লিখিত নিষেধাজ্ঞা আরোপসহ স্থানীয় প্রয়োজনীয়তা ও বাস্তবতার নিরিখে আরও কতিপয় যানবাহনের উপর নিষেধাজ্ঞা আরোপ অথবা নিষেধাজ্ঞা শিথিল করার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট বা ক্ষেত্রমত মেট্রোপলিটন পুলিশ কমিশনার/অন্যান্য কর্তৃপক্ষকে ক্ষমতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭.০১.২৬
(মোহাম্মদ মনির হোসেন)
উপসচিব
নির্বাচন পরিচালনা-০২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)

সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, বিআরটিএ সংস্থাপন অধিশাখা]

অফিসের ঠিকানা ঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ ঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইল ঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেস ঃ www.ecs.gov.bd

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

সুপারভাইজরি ডেটা ম্যানেজমেন্ট এন্ড
এনালিটিক্স ডিপার্টমেন্ট (এসডিএডি)


১৮ মাঘ ১৪৩২
তারিখ: --------------------
০১ ফেব্রুয়ারি ২০২৬

এসডিএডি সার্কুলার লেটার নং- ০২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

**ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষ্যে**
**১১ ও ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে নির্বাহী আদেশে সরকারি ছুটি ঘোষণা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৫ জানুয়ারি ২০২৬ তারিখের প্রজ্ঞাপন নং-০৫.০০.০০০০.০০০.১৭৫.০৮.০০০৩.২৬-১৬-এর মাধ্যমে আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষ্যে নির্বাহী আদেশে সরকারি ছুটি ঘোষণা করায় আগামী ১১ ও ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ বুধ ও বৃহস্পতিবার বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক বন্ধ থাকবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় অর্পিত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,


(মোঃ আবদুল মান্নান)
পরিচালক (এসডিএডি)
ফোন: ৯৫৩০০৯৩